## জনসংযোগ অফিস জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ ফোন: ৭৭৯১০৪৫-৫১



## Public Relations Office Jahangirnagar University Savar Dhaka Bangladesh Phone: +88027791045-51

## প্রেস বিজ্ঞপ্তি (খেলার খবর)

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় আম্ত্ম:বিভাগ ব্যাডমিন্টন ও টেবিল টেনিস প্রতিযোগিতা সম্পন্ন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২২ নভেম্বর ২০১৮।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের জিমনেসিয়ামে আম্ম্ম:বিভাগ ব্যাডমিন্টন ও টেবিল টেনিস প্রতিযোগিতার ফাইনাল খেলা সম্পন্ন হয়েছে। আজ অনুষ্ঠিত ব্যাডমিন্টন প্রতিযোগিতায় পাবলিক হেলথ্ এন্ড ইনফরমেটিক্স বিভাগের রাজিবুল হোসেনকে ২-১ সেটে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছেন। ছাত্রীদের প্রতিযোগিতায় পরিবেশবিজ্ঞান বিভাগের লাবনী সিনহা ২-০ সেটে ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের কানিজ ফাতেমাকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছেন।

টেবিল টেনিস প্রতিযোগিতায় ফার্মেসী বিভাগের আবু আদনান ৩-০ সেটে ইতিহাস বিভাগের জাকিউল ইসলামকে পরাজিত করে চ্যাম্পিয়ন হন। ছাত্রীদের প্রতিযোগিতায় ইতিহাস বিভাগের ইসরাত জাহান নাহিমা ৩-০ সেটে আম্ম্মুর্জাতিক সম্পর্ক বিভাগের সহোদর ফাতেমা জাহান ফারিহাকে পরাজিত করে চ্যাম্পিয়ন হন।

খেলা শেষে উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রো-উপাচার্য (শিঞ্চাা) অধ্যাপক ড. মো. নুরম্নল আলম। প্রতিযোগিতা পরিচালনা কমিটির সভাপতি নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের শিঞ্চাক সোলনারা আকতারের সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আরো বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার রহিমা কানিজ, প্রভোস্ট কমিটির সভাপতি অধ্যাপক ড. সোহেল আহমেদ, শারীরিক শিঞ্চা অফিসের ভারপ্রাপ্ত পরিচালক হাবিবা ইয়াসমীন। অনুষ্ঠান পরিচালনা করেন শারীরিক শিঞ্চা অফিসের সহকারি পরিচালক উথোয়াই চিং রোয়াজা।

পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ অফিস